# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd
mail : chairman@rajshahieducationboard.gov.bd

**মানসম্মত যুগোপযোগী শিক্ষা বিকাশে অঙ্গীকারাবদ্ধ**

বরাবর
সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী।

বিষয় : অগ্রীম গ্রহণ প্রসঙ্গে।

মহোদয়

বিনীত নিবেদন এই যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী'র ১২/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত বোর্ডের নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত অদ্য ০৭/১২/২০২২ তারিখে কমিটির সিদ্ধান্ত মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে ৭১,৬০০/- (একাত্তর হাজার ছয়শত পঁচাত্তর) টাকা অগ্রিম হিসাবে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

অতএব, নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে ৭১,৬০০/- (একাত্তর হাজার ছয়শত পঁচাত্তর) টাকা অগ্রিম হিসাবে প্রদানের আদেশদানে মহোদয়ের মর্জি হয়।

মোঃ হাসান আলী
বিকল্প ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি
ও
একান্ত সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

## নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন কর্মপরিকল্পনা

০২ নভেম্বর ২০২২, বুধবার দুপুর ০১.৩০ টায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা র্বোড রাজশাহী'র নৈতিকতা কমিটির সভার জাতীয় শুদ্ধাচার কৌশল র্কমপরিকল্পনা ২০২২-২০২৩ এর ২য় ত্রৈমাসিক পরিকল্পনার প্রতিষ্ঠানিক ব্যবস্থার ১.৩ ও ১.৪ অনুচ্ছেদের লক্ষ্য অর্জনে নিমিত্ত/বাস্তবায়নের জন্য ০৭/১২/২০২২ তারিখে অত্র কমিটির আহবায়ক ও প্রধান মূল্যায়ন অফিসার জনাব এস.এম. গোলাম আজম এর সভাপতিত্বে তার অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হয়।

**সভায় উপস্থিত কমিটির সম্মানীত সদস্যবৃন্দ :**

| ক্র: নং | নাম ও পদবী | কমিটির পদ | স্বাক্ষর, তারিখ, মোবাইল ও ই-মেইল |
|---|---|---|---|
| ১. | জনাব মানীক চন্দ্র সেন, উপ-সচিব (ভান্ডার)<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা র্বোড রাজশাহী | সদস্য | [signature] |
| ২. | জনাব মোহা: দুরুল হোদা, অডিট অফিসার (চলতি দায়িত্ব)<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা র্বোড রাজশাহী | সদস্য | |
| ৩. | জনাব মো: হাসান আলী, একান্ত সচিব<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা র্বোড রাজশাহী | বিকল্প ফোকাল পয়েন্ট | [signature] ০৭.১২.২২ |
| ৪. | জনাব মো: শফিকুল ইসলাম, হিসাব রক্ষণ অফিসার<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা র্বোড রাজশাহী | ফোকাল পয়েন্ট | [signature] ০৭.১২.২২ |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভার সকল সদস্যের উন্মুক্ত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচ্যসূচি-১ : সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীগণের (Stakholders) অংশগ্রহণে সভা।

সিদ্ধান্ত-১ : জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ২য় ত্রৈমাসিক পরিকল্পনার প্রতিষ্ঠানিক ব্যবস্থার ১.৩ অনুচ্ছেদের লক্ষ্য অর্জনের জন্য অংশীগণের (Stakholders) অংশগ্রহণে ২২/১২/২০২২ তারিখের মধ্যে সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হ'ল।

আলোচ্যসূচি-২ : শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালার নিমিত্ত আলোচনা।

সিদ্ধান্ত-২ : জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ২য় ত্রৈমাসিক পরিকল্পনার প্রতিষ্ঠানিক ব্যবস্থার ১.৪ অনুচ্ছেদের লক্ষ্য অর্জনে বোর্ডের সকল বিভাগ/শাখার র্কমর্কতাদের নিয়ে নৈতিকতা ও শুদ্ধাচার সংক্রান্ত বিষয়ে ১২/১২/২০২২ তারিখে প্রশিক্ষণের আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হ'ল। এ বিষয়ে প্রশিক্ষণ পরিচালনার জন্য সচিব মহোদয়ের নেতৃত্বে রাজশাহী স্থানীয় লোক প্রশাসন বিভাগের ০১(এক) জন র্কমর্কতাকে প্রশিক্ষক আমন্ত্রণসহ উল্লিখিত তারিখে যথাসময়ে অংশগ্রহণের ১৬(ষোল) জন প্রশিক্ষণার্থীদের অবহিত করে পত্র দিতে সংস্থাপন শাখাকে অনুরোধ জানানো হ'ল।

আলোচ্যসূচি-৩ : প্রশিক্ষণ পরিচালনা ব্যয় র্নিধারণ বিষয়ে আলোচনা।

সিদ্ধান্ত-৩ সংস্থাপন শাখার স্বারক নম্বর- ১১৪২/১ম-৭২/সং (৩য়) তারিখ:- ০৮/১২/২০২২ প্রস্তাব মোতাবেক খাত ওয়ারী সম্ভব্য ব্যয়ের হিসাব নিম্নরুপ:

| ক্র: নং | ব্যয়ের খাত | পরিমান | দিন/সময় | টাকার পরিমান | মোট টাকা |
|---|---|---|---|---|---|
| ১ | বহিরাগত প্রশিক্ষক | ১জন | ১দিন | ২০০০.০০ | ২০০০.০০ |
| ২ | প্রশিক্ষণ গ্রহণকারী র্কমর্কতা/র্কমচারী | ১৬জন | ১দিন | ৮০০.০০ | ১২৮০০.০০ |
| ৩ | প্রশিক্ষণ কাজে সহায়তাকারী ষ্টুর্য়াড শাখা | ৪জন | ১দিন | ৪০০.০০ | ১৬০০.০০ |
| ৪ | প্রশিক্ষণ কাজে সহায়তাকারী র্কমর্কতা | ২জন | ১দিন | ৪০০.০০ | ৮০০.০০ |
| ৫ | অন্যান্য খরচ (খাতা, কলম, প্যাড) | ১৬জন | ১দিন | ৫০.০০ | ১০০০.০০ |
| ৬ | প্রধান অতিথি-১জন (চেয়াম্যান মহোদয়) | ১জন | ১দিন | ৩০০০.০০ | ৩০০০.০০ |
| ৭ | বিশেষ অতিথি-১জন (সচিব মহোদয়) | ১জন | ১দিন | ২৫০০.০০ | ২৫০০.০০ |
| ৮ | প্রশিক্ষণ কাজে সহায়তাকারী র্কমচারী | ২জন | ১দিন | ৪০০.০০ | ৮০০.০০ |
| ৯ | সকালের নাস্তা | ৪০জন | ১দিন | ৭৫.০০ | ৩২০০.০০ |
| ১০ | দুপুরের খাবার | ৪০জন | ১দিন | ৩৫০.০০ | ১৪০০০.০০ |
| ১১ | কমিটির সদস্যদের সম্মানী | ৫জন | ১দিন | ১০০০.০০ | ৫০০০.০০ |
| | | | | সর্বমোট= | ৪৬,৭০০.০০ |

আলোচ্যসূচি-৪ : আনুসঙ্গিক অন্যান্য ব্যয় প্রসঙ্গে আলোচনা।

সিদ্ধান্ত-৪ : প্রশিক্ষণ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার জন্য আরো আনুসঙ্গিক ব্যয় নিম্নরুপ:

১। প্রজেক্টর ভাড়া বাবদ= ১দিন ২৫০০×২=২৫০০/- (বাস্তবায়নে প্রধান মূল্যায়ন অফিসার (চ:দা:)

২। ব্যানার তৈরী বাবদ= ৯০০/- (বাস্তবায়নে প্রধান মূল্যায়ন অফিসার (চ:দা:)

৩। নাস্তা বিষয়ে স্টুর্য়াড শাখাকে দায়িত্ব প্রদান। (নিরাপত্তা অফিসার)

৪। প্রয়োজনীয় কাগজপত্র ফটোকপি বাবদ=৩৫০০/- টাকা (বাস্তবায়নে বিকল্প ফোকাল পয়েন্ট)

৫। অংশজনের (Stakholders) অংশগ্রহণে আয়োজিত সভার আনুমানিক ব্যয় ৮০০০/- (আট হাজার) টাকা বরাদ্দ দিতে সিদ্ধান্ত গৃহীত হয়।

৬। বিভাগীয় প্রধান ও শাখা অফিসারদের নিয়ে মাননীয় চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত আলোচনা সভার আপ্যায়ন ব্যয় বাবদ ৫০০০/- (পাঁচ হাজার) টাকা বরাদ্দ দিতে সিদ্ধান্ত গৃহীত হয়।

৭। ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের মতবিনিময় সভার আনুমানিক খরচ ৫০০০/- (পাঁচ হাজার) টাকা বরাদ্দ দিতে সিদ্ধান্ত গৃহীত হয়।

উক্ত ব্যয় নির্বাহের জন্য অগ্রীম ৭১,৬০০/- (একাত্তর হাজার ছয়শত পঁচাত্তর) টাকা নৈতিকতা কমিটির বিকল্প ফোকাল পয়েন্ট ও একান্ত সচিব জনাব মো: হাসান আলী এর অনুকুলে অগ্রীম বরাদ্দ দেয়ার সিদ্ধান্ত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

০৯/১২/২০২২

(এস. এম. গোলাম আজম)
আহ্বায়ক
নৈতিকতা কমিটি
ও
প্রধান মূল্যায়ন অফিসার (চ:দা:)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা র্বোড
রাজশাহী

অবগতি ও জ্ঞাতার্থে :

১. সচিব, রাজশাহী শিক্ষা বোর্ড
২. পরীক্ষা নিয়ন্ত্রক ও আহবায়ক, APA কমিটি, রাজশাহী শিক্ষা বোর্ড
৩. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, রাজশাহী শিক্ষা বোর্ড
৪. উপ-সচিব (প্রশাসন), রাজশাহী শিক্ষা বোর্ড
৫. নিরাপত্তা অফিসার, রাজশাহী শিক্ষা বোর্ড
৬. একান্ত সচিব, রাজশাহী শিক্ষা বোর্ড (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য)
৭. অফিস নথি।